

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ শাখা
www.moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১২০২

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মোঃ শামীম কুদ্দুস ভূঁইয়া (বিপি-৮৪১৩১৫৯৩৪৯), অতিরিক্ত পুলিশ সুপার, কুমিল্লা-কে গত ২০.০৮.২০২৫ তারিখে অতিরিক্ত পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, দিনাজপুর হিসেবে বদলি করা হলেও তিনি অদ্যাবধি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি এবং নিয়মিত অফিসে গরহাজির থাকছেন। কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে 'অসদাচরণ' এর শামিল;

সেহেতু, জনাব মোঃ শামীম কুদ্দুস ভূঁইয়া (বিপি-৮৪১৩১৫৯৩৪৯), অতিরিক্ত পুলিশ সুপার, কুমিল্লা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে 'অসদাচরণ'-এর অভিযোগে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ২০.০৮.২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, বরিশাল-এ সংযুক্ত থাকবেন এবং বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



০৩-১২-২০২৫

নাসিমুল গনি

সিনিয়র সচিব

+৮৮০২২২৩৩৫৩৭১০ (ফোন)

+৮৮-০২-৯৩৪৭২৯০ (ফ্যাক্স)

secretary@moha.gov.bd

নম্বর: ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১২০২/১ (১২)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ /মাননীয় প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব,
- ৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

- ৫। উপসচিব, শৃঙ্খলা-২ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। জনাব,।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ব্যক্তিগত কর্মকর্তা, পুলিশ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১২। ব্যক্তিগত কর্মকর্তা, পুলিশ-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



Nasimul

০৩-১২-২০২৫
নাসিমুল গনি
সিনিয়র সচিব